তারিখ: 02 AUG 2016
পৃষ্ঠা: কলাম:

দৈনিক
ইত্তেফাক

# এইচএসসির ফল ১৮ আগস্ট

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ১৮ আগস্ট এইচএসসি ও সমমানের (উচ্চ মাধ্যমিক) পরীক্ষার ফল প্রকাশ হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানিয়েছেন। শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর কাছে সময় চাওয়া হলে তিনি ১৮ আগস্ট ফল প্রকাশের জন্য সময় দিয়েছেন।

ফল প্রকাশের দিন শিক্ষামন্ত্রী শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের কপি তুলে দেবেন। এরপর দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষামন্ত্রী সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করবেন।